



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইল: berc2003@gmail.com, ফ্যাক্স : ৫৫০১৩৫১৮

ওয়েব সাইট: www.berc.org.bd ।

গণবিজ্ঞপ্তি

নং-বিইআরসি/ট্যারিফ/বিএসটি-০৫(৪)/বিউবো/৪৩৮-২

তারিখ : ২৩ আগস্ট ২০১৭ ।

বিষয় : বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এর বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদনের ওপর গণশুনানি ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) ও খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) ও নর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (নওজোপাডিকো) বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য কমিশনে আবেদন দাখিল করেছে। উক্ত আবেদনসমূহ ইতোমধ্যে কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গৃহিত হয়েছে।

০২। বর্ণিত বিদ্যুৎ সংস্থা/কোম্পানীসমূহের বিদ্যুতের পাইকারি/খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদনের ওপর নিম্নবর্ণিত স্থান ও সময়সূচি অনুযায়ী গণশুনানি অনুষ্ঠিত হবেঃ

সংস্থা/কোম্পানীসমূহের নাম	গণশুনানির বিষয়	গণশুনানির তারিখ ও সময়	গণশুনানির স্থান
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)	পাইকারি (বাঙ্ক) মূল্যহার পরিবর্তন	২৫ সেপ্টেম্বর ২০১৭, সোমবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর অডিটোরিয়াম [টিসিবি ভবন (২য় তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫]
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)	খুচরা মূল্যহার পরিবর্তন	২৬ সেপ্টেম্বর ২০১৭, মঙ্গলবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)	ঐ	২৭ সেপ্টেম্বর ২০১৭, বুধবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি)	ঐ	২৮ সেপ্টেম্বর ২০১৭, বৃহস্পতিবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)	ঐ	০২ অক্টোবর ২০১৭, সোমবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	
ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো)	ঐ	০৩ অক্টোবর ২০১৭, মঙ্গলবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	
নর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (নওজোপাডিকো)	ঐ	০৪ অক্টোবর ২০১৭, বুধবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা	

০৩। আগ্রহী যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্তিসহ শুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে প্রেরণ করতে পারবেন এবং উপরিউক্ত তারিখে অনুষ্ঠিত গণশুনানিতে অংশগ্রহণপূর্বক বিদ্যুতের পাইকারি/খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদনের বিষয়ে বিশ্লেষণধর্মী যুক্তি/মতামত উপস্থাপন করতে পারবেন।

০৪। উপরে বর্ণিত সংস্থা/কোম্পানীসমূহের বিদ্যুতের পাইকারি/খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদনের অনুলিপি অফিস চলাকালীন সময়ে কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকে উক্ত আবেদনসমূহ ডাউনলোড করা যাবে।

কমিশনের নির্দেশক্রমে,


মুহঃ মাহসুবুর রহমান

সচিব